# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৮৬

১/ বিবিধ

আরবী

من لقي أخاه المسلم بما يحب ليسره، سره الله يوم القيامة

منكر

أخرجه الدولابي في " الكنى " (1/159) : حدثنا أبو الحسن أحمد بن عبد الله بن أبي بزة قال: حدثنا الحكم بن عبد الله أبو حمدان البصري - وكان قدريا - قال: حدثنا سعيد بن أبي عروبة عن قتادة عن الحسن عن أنس بن مالك: قال: قال رسول الله صلى الله عليه وسلم

ومن هذا الوجه أخرجه الطبراني في " المعجم الصغير " (ص 244) وابن عدي في "الكامل " (ق 68/2) وقال: " هذا حديث منكر بهذا الإسناد

وقال الطبراني: " تفرد به ابن أبي بزة

قلت: واسمه أحمد بن محمد بن عبد الله بن القاسم بن أبي بزة المكي، قال الذهبي في " الميزان ": " إمام في القراءة ثبت فيها. قال الإمام أحمد: لين الحديث. وقال العقيلي منكر الحديث. وقال أبو حاتم: ضعيف الحديث لا أحدث عنه. وقال ابن أبي حاتم: روى حديثا منكرا

وأورده في " الضعفاء " وقال: " تفرد بحديث (الديك الأبيض حبيبي وحبيب حبيبي)

قلت: فهو علة الحديث وله علة أخرى وهي عنعنة الحسن وهو البصري فإنه وإن كان قد سمع من أنس بن مالك فإنه كان يدلس

ويمكن استخراج علة ثالثة، فإن ابن عدي أورده في ترجمة الحكم بن عبد الله وهو

أبو النعمان، ووقع عند ابن عدي في سند هذا الحديث " أبو مروان " وقد ذكر في ترجمته أنه يكنى بهذا، وبأبي النعمان، ولم يذكر أنه يكتني بأبي حمدان
فلعلها تحرفت في " الكنى " من الناسخ أوالطابع، ولم يذكر فيه توثيقا ولا تجريحا غير أنه ساق له أحاديث استنكرها، هذا منها كما تقدم. وقال: " لا يتابعه عليها أحد ولكنه من رجال البخاري، ووثقه الخطيب وابن حبان إلا أنه قال: " ربما أخطأ"، وقال أبو حاتم: " كان يحفظ وهو مجهول
وذكر الحافظ في " التهذيب ": " ويهجس في خاطري أن الراوي عن سعيد (بن أبي عروبة) هو أبو مروان، وهو غير أبي النعمان الراوي عن شعبة. فالله أعلم
قلت: وإذا تبين لك حال هذا الحديث وما فيه من العلل، فلا تغتر بقول المنذري (3/252) : " رواه الطبراني في " الصغير " بإسناد حسن، وأبو الشيخ في (كتاب الثواب)
وكذا قول الهيثمي (8/193) : " رواه الطبراني في " الصغير " وإسناده حسن
فإن ذلك من تساهلهما، ومن أجل ذلك رأيت أن أحرر القول في إسناده، وأبين حقيقة أمره لكي لا يغتر بتحسينها من لا علم عنده كالغماري في " كنزه ". والله الموفق

বাংলা

১২৮৬। যে ব্যক্তি তার মুসলিম ভাইয়ের সাথে সে যা পছন্দ করে তাকে খুশি করার জন্য তা নিয়ে মিলিত হবে আল্লাহ্ তা’আলা তাকে কিয়ামতের দিন খুশি করবেন।

হাদীসটি মুনকার।

হাদীসটি দূলাবী "আলকুনা" গ্রন্থে (১/১৫৯) আবুল হাসান আহমাদ ইবনু আবদিল্লাহ্ ইবনে আবী বাযযাহ্ হতে, তিনি হাকাম ইবনু আবদিল্লাহ আবূ হামাদান বাসরী হতে, তিনি সাঈদ ইবনু আবী আরূবাহ হতে, তিনি কাতাদাহ হতে, তিনি হাসান হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

এ সূত্রেই ত্ববারানী "আল-মুজামুস সাগীর" গ্রন্থে (পৃঃ ২৪৪) ও ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (কাফ ২/৬৮) বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ এ হাদীসটি এ সনদে মুনকার। আর ত্ববারানী বলেনঃ ইবনু আবী বাযযাহ

হাদীসটিকে এককভাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি হচ্ছেন আহমাদ ইবনু মুহাম্মাদ ইবনে আব্দিল্লাহ ইবনিল কাসেম ইবনে আবী বাযযাহ মাক্কী। হাফিয যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেনঃ তিনি কিরাআতের ইমাম, কিরাআতের ক্ষেত্রে তিনি নির্ভরযোগ্য। ইমাম আহমাদ বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল। ওকায়লী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। আবু হাতিম বলেনঃ তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল, তার থেকে হাদীস বর্ণনা করি না। ইবনু আবী হাতিম বলেনঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেন।

তিনি তাকে "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি নিম্নলিখিত হাদীসটি এককভাবে বর্ণনা করেছেনঃ

"সাদা মোরগ আমার বন্ধু এবং আমার বন্ধুর বন্ধু।"

আমি (আলবানী) বলছিঃ তিনিই হাদীসটির সমস্যা।

হাদিসটির সনদে আরেকটি সমস্যা রয়েছে, সেটি হচ্ছে হাসান বাসরী কর্তৃক আন আন করে বর্ণনা করা। তিনি যদিও আনাস ইবনু মালেক (রাঃ) হতে হাদীস শ্রবণ করেছেন তবুও তিনি তাদলীস করতেন।

হাদীসটির সমস্যা সম্পর্কে যখন অবগত হয়েছেন তখন মুনযেরী এবং হায়সামীর মন্তব্যের দ্বারা ধোঁকায় পড়া ঠিক হবে না। কারণ তারা হাদীসটির সনদকে হাসান আখ্যা দিয়ে শিথিলতা প্রদর্শন করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72165

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন